

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৩৩

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৬. ফজর সালাতে কিরাআতের পরিমাণ

بَابِ قَدْرِ الْقِرَاءَةِ فِي الْفَجْرِ

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّتَنَا الْمَسْعُودِيُّ عَنْ الْوَلِيدِ بْنِ سَرِيعٍ عَنْ عَمْرِو بْنِ حُرَيْتٍ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي صَلَاةِ الصَّبْحِ إِذَا الشَّمْسُ كُوِّرَتْ فَلَمَّا انْتَهَى إِلَى هَذِهِ الْآيَةِ وَاللَّيْلِ إِذَا عَسْعَسَ جَعَلْتُ أَقُولُ فِي نَفْسِي مَا اللَّيْلُ إِذَا عَسْعَسَ

বাংলা

১৩৩৩. আমর ইবনু হুরাইছ রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ফজর সালাতে [إذا الشمس كورت] ('সুরা তাকভীর: ১) পড়তে শুনেছেন। অতঃপর যখন তিনি (والليل إذا عسعس) (সুরা তাকভীর: ১৭) এ আয়াতে পৌঁছেন, তখন আমি মনে মনে বলতে লাগলাম, 'আল লাইলি ইযা আসআস' (অর্থ: রাতের কসম, যখন তা বিদায় নিয়েছে) আবার কী?[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, আব্দুর রহমান ইবনু আব্দুল্লাহ আল মাসউদী'র কারণে। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম ৪৫৬; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৪৫৭, ১৪৬৩, ১৪৬৮; সহীহ ইবন হিব্বান নং ১৮১৯ ও মুসনাদুল হুমাইদী নং ৫৭৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আমর ইবন হুরায়স (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন